

মোট মুদ্রিত পৃষ্ঠাসংখ্যা : ৪

১০১৯

12(NS)8001(01)

বাংলা

'ক'ভাষা

(নতুন পাঠক্রম)

PART-A

মোট সময় : ৩ ঘন্টা ১৫ মিনিট]

[পূর্ণমান : ৮০]

পরীক্ষার্থীদের জন্য নির্দেশ :

1. পরিমিত এবং যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।
2. বর্ণাঙ্গনি, অপরিচ্ছন্নতা এবং অপরিক্ষার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে।
3. উপর্যুক্ত প্রশ্নের পূর্ণমান সূচিত আছে।

বিভাগ - ক


(নম্বর : ৫০)

১. অনধিক ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫১.১ “সেই সময় এল এক বুড়ি।” — লেখক বুড়ির সম্পর্কে যে বর্ণনা দিয়েছেন তা নিজের ভাষায়
লেখে। ৫১.২ “ভূরিভোজনটা অন্যায়, কিন্তু না খেয়ে মরাটা উচিত নয় ভাই।” — বক্তা কে ? এই বক্তব্যের
মধ্যে বক্তার চরিত্রের কোন দিক আভাসিত হয়েছে ? ১ + ৮২. অনধিক ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫২.১ “মৃত্যুতে সকল দেনা শোধ করে দিতে” — বক্তা কে ? ‘মৃত্যুতে সকল দেনা’ বলতে কী
বোঝানো হয়েছে ? সে ‘দেনা’ কীভাবে শোধ করতে চেয়েছিলেন কবি ? ১ + ১ + ৩২.২ “আরোগ্যের জন্য ঐ সবুজের ভীষণ দরকার” — ‘ঐ সবুজ’ বলতে কবি কী বুঝিয়েছেন ?
সেই সবুজকে পাওয়ার জন্য কবি কী কী নির্দেশ দিয়েছেন ? ১ + ৮

৩. অনধিক ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 1 = 5$
- ৩.১) “জীবন কোথায় ?” — কে, কাকে বলেছেন ? বস্তা জীবনকে কোথায় খুঁজে পাওয়া যাবে -
বলে মনে করেন ? $1 + 1 + 3$
- ৩.২) “... প্রাক্তন অভিনেতা রঞ্জনী চাটুজের প্রতিভার অপমৃত্যুর করুণ সংবাদ !” — কে
বলেছেন ? এই অপমৃত্যু কীভাবে ঘটে বলে বস্তা মনে করেন ? $1 + 8$
৪. অনধিক ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 1 = 5$
- ৪.১) “ভারত জয় করেছিল তরুণ আলেকজান্ডার।
একলাই না কি ?”
— আলেকজান্ডার কে ছিলেন ? ‘একলাই না কি’ বলতে কবি কী বুঝিয়েছেন ? $1 + 8$
- ৪.২) “অবাক-বিহুল বসে আছি, মুখে কথা নেই।”
— মুখে কথা নেই কেন ? 5
৫. অনধিক ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 1 = 5$
- ৫.১) “নতুন ছাতি মাথায় দিয়ে মহাফুর্তিতে বাড়ির দিকে সে চলল” — কার কথা ? সে নতুন ছাতি
কীভাবে পেল ? $1 + 8$
- ৫.২) “অমনি মনের মধ্যে গুনগুনিয়ে উঠল মার কাছে শেখা গান :” — মার কাছে শেখা গানটি
কী ? কেন্দ্ৰ প্ৰসঙ্গে এই উক্তি করেছেন লেখক ? $1 + 8$
৬. অনধিক ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 1 = 5$
- ৬.১) ফলিত ভাষাবিজ্ঞানের বিভিন্ন শাখাগুলির উল্লেখ করে যে-কোনো একটি শাখার আলোচনা
করো। $2 + 3$
- ৬.২) উদাহরণসহ যুক্তধ্বনির পরিচয় দাও। 5
৭. অনধিক ১৫০ শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 2 = 10$
- ৭.১) বাংলা চিকিৎসাবিজ্ঞানে কাদম্বিনী (বসু) গঞ্জোপাধ্যায়ের ভূমিকা সম্পর্কে আলোচনা করো। 5
- ৭.২) বাংলা চলচ্চিত্রের ধারায় পরিচালক মৃগাল সেনের অবদান আলোচনা করো। 5
- ৭.৩) বাংলা গানের ধারায় সলিল চৌধুরীর বিশিষ্টতা সম্পর্কে আলোচনা করো। 5
- ৭.৪) আন্তর্জাতিক স্তরে সুনাম অর্জন করেছেন, এমন একজন বাঙালি ক্রীড়াবিদের কৃতিত্বের
পরিচয় দাও। 5

৮. নিম্নলিখিত যে-কোনো একটি বিষয় নির্বাচন করে, নির্দেশ অনুসারে কমবেশি ৪০০ শব্দের মধ্যে একটি প্রবন্ধ রচনা করো : $10 \times 1 = 10$

- ৮.১ নিম্নে প্রদত্ত মানস-মানচিত্র অবলম্বনে একটি প্রবন্ধ রচনা করো :



- ৮.২ প্রদত্ত অনুচ্ছেদটিকে প্রস্তাবনা বা ভূমিকাস্বরূপ গ্রহণ করে বিষয়ের গভীরে প্রবেশ করে, পরিণতি দানের মাধ্যমে একটি পূর্ণাঙ্গ প্রবন্ধ রচনা করো :

ভারত এক মিলনমেলা

পরকে আপন করিতে প্রতিভার প্রয়োজন। অন্যের মধ্যে প্রবেশ করিবার শক্তি এবং অন্যকে সম্পূর্ণ আপন করিয়া লইবার ইন্দ্রজাল, ইহাই প্রতিভার নিজস্ব। ভারতবর্ষের মধ্যে সে প্রতিভা আমরা দেখিতে পাই। ভারতবর্ষ অসংকোচে অন্যের মধ্যে প্রবেশ করিয়াছে এবং অনায়াসে অন্যের সামগ্রী নিজের করিয়া লইয়াছে। ভারতবর্ষ কিছুই ত্যাগ করে নাই।

- ৮.৩ প্রতিপক্ষের যুক্তির অসারতা প্রমাণ করে স্বপক্ষে যুক্তিক্রম বিন্যাস করে প্রবন্ধ রচনা করো :

বিতর্কের বিষয় : সুপ্রভাব নয়, বর্তমান গণমাধ্যম কুপ্রভাবই বিস্তার করছে।

মতের পক্ষে : সংবাদপত্র, বেতার, দুরদর্শন, ইন্টারনেট ইত্যাদির কুরুচিপূর্ণ বিজ্ঞাপন, সংবাদ বা তথ্য পরিবেশনের প্রভাব মারাত্মক।

মতের বিপক্ষে : নানা কুরুচিপূর্ণ বিজ্ঞাপন ও সংবাদকে বাদ দিলে আজও গণমাধ্যম সুপ্রভাব বিস্তারকারী।

৮.৪

প্রদত্ত সূত্র ও তথ্য অবলম্বনে একটি প্রবন্ধ রচনা করো :

সত্যজিৎ রায়

- জন্ম : ২৩ মে, ১৯২১। কলকাতা।
- পিতা : বিশিষ্ট শিশু সাহিত্যিক সুকুমার রায়।
- মাতা : সুপ্রভা রায়।
- পারিবারিক ঐতিহ্য : সন্দেশ পত্রিকার সম্পাদক উপেন্দ্রকিশোর রায়চৌধুরি তাঁর পিতামহ। নিকট আঢ়ায় — লীলা মজুমদার।
- শিক্ষাজীবন : বালিগঞ্জ গভর্নমেন্ট স্কুল।
প্রেসিডেন্সী কলেজ থেকে স্নাতক।
বিশ্বভারতীর (শাস্ত্রনিকেতন) কলাভবনে শিল্প বিষয়ে পাঠগ্রহণ।
- কর্মজীবন : প্রথম জীবনে বিজ্ঞাপন সংস্থায় যোগদান। পুস্তকের প্রচ্ছদ অঙ্কনে নব্য ধারার প্রবর্তন।
বাংলা চলচ্চিত্রে অবদান: পথের পাঁচালী ছবির মাধ্যমে আত্মপ্রকাশ।
বিশিষ্ট ছবি — অপরাজিত, চারুলতা, জলসাঘর।
ছোটোদের সিনেমা ও অন্যান্য বহু ছবি।
- সাহিত্যকর্ম : ফেলুদার কাহিনি, প্রোফেসার শঙ্কুর কাহিনি এবং অজস্র ছোটোগল্প, প্রবন্ধ।
- পুরস্কার : বিভিন্ন স্তরের জাতীয় পুরস্কার, দাদাসাহেব ফালকে, লিজিয়ন অফ অনার এবং বিভিন্ন আন্তর্জাতিক ও ভারতীয় চলচ্চিত্র পুরস্কার।
- মৃত্যু : ২৩ শে এপ্রিল, ১৯৯২।